

# নারিকেল উন্নয়ন পর্ষদের ৪৬তম প্রতিষ্ঠা দিবস



নিজস্ব সংবাদদাতা: নারিকেল উন্নয়ন পর্ষদ রাজ্য কেন্দ্র কলকাতার উদ্যোগে এবং পূর্ব মেদিনীপুর কৃষি বিজ্ঞান কেন্দ্রের সহযোগিতায় ১২ জানুয়ারি পূর্ব মেদিনীপুর জেলার সুতাহাটা ব্লকের অন্তর্গত কবিগুরু ফার্মার্স প্রোডিউসার কোম্পানি লিমিটেড-এর ট্রেনিং হলে অনুষ্ঠিত হয় নারিকেল উন্নয়ন পর্ষদের ৪৬তম প্রতিষ্ঠা দিবস। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নারিকেল উন্নয়ন পর্ষদ,

রাজ্য কেন্দ্র কলকাতার ডেপুটি ডিরেক্টর ড.অমিয় দেবনাথ, উন্নয়ন আধিকারিক শ্রীতমা বিশ্বাস, পূর্ব মেদিনীপুর কৃষি বিজ্ঞান কেন্দ্রের বিজ্ঞানী ড.সাগর তামাং, সুতাহাটা পঞ্চায়েত সমিতির সভাপতি অশোক কুমার মিশ্র, হলদিয়া এনার্জি লিমিটেড-এর চিফ ম্যানেজার (CSR) সত্যজিৎ গাঙ্গুলি প্রমুখ।

অনুষ্ঠানের শুরুতে স্বাগত ভাষণে ড. দেবনাথ নারিকেল চাষের উপযোগিতা,

নারিকেলজাত পণ্যের বহুমুখী বাজার এবং নারিকেল চাষের মাধ্যমে বর্তমান কৃষি ব্যবস্থায় কৃষকদের বাড়তি আয়ের দিক তুলে ধরেন। শ্রী অশোক মিশ্র পর্ষদের এই উদ্যোগের প্রশংসা করে ভবিষ্যতে সার্বিক সহায়তার আশ্বাস দেন। শ্রী সত্যজিৎ গাঙ্গুলি পর্ষদের প্রকল্পগুলোর বাস্তবায়নের উদ্যোগী চাষীদের এগিয়ে আসতে বলেন এবং আগামীদিনে যৌথ উদ্যোগে কাজ করার দিকে আলোকপাত করেন।

কৃষিবিজ্ঞান কেন্দ্রের বিজ্ঞানী উন্নত পদ্ধতিতে নারিকেল চাষ এবং রোগ পোকা দমন নিয়ে বিস্তারিত আলোচনা করেন। পর্ষদের উন্নয়ন আধিকারিক পশ্চিমবঙ্গে বাস্তবায়িত বিভিন্ন প্রকল্পগুলো সম্বন্ধে বিশদে আলোচনা করেন। ১০০ জনেরও বেশি নারিকেল চাষি এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। নারিকেলের বিভিন্ন মূল্য সংযোজিত পণ্যের প্রদর্শনী এবং নারিকেল উন্নয়ন পর্ষদের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে পদযাত্রাও হয়।

এই দিন কৃষকদের উপস্থিতিতে নারকেল চাষের On-Farm Demonstration Programme-ও অনুষ্ঠিত হয়, যেখানে আধুনিক নারকেল চাষ পদ্ধতি, চারা রোপণের কৌশল, সার ও জল ব্যবস্থাপনা সম্পর্কে হাতে-কলমে প্রদর্শন ও আলোচনা করা হয়।

নার্সারি শংসিত হওয়ার ফলে এখন পূর্ব মেদিনীপুর কৃষি বিজ্ঞান কেন্দ্র থেকে সরবরাহকৃত নারকেল চারা সরকারি ভর্তুকিপ্ৰাপ্ত প্রকল্পের জন্য সম্পূর্ণভাবে উপযুক্ত বলে বিবেচিত হবে।

উল্লেখ্য, চলতি ২০২৫-২৬ অর্থবছরে পশ্চিমবঙ্গে “নারকেল চাষের এলাকা সম্প্রসারণ” প্রকল্প বাস্তবায়ন করছে নারকেল উন্নয়ন পর্ষদ, রাজ্য কেন্দ্র কলকাতা। এই প্রকল্পে কৃষকরা হেক্টর প্রতি (১৬০টি গাছের ক্ষেত্রে) মোট ৫৬,০০০ টাকা ভর্তুকি পাবেন, যা দুইটি বাৎসরিক কিস্তিতে সরাসরি আবেদনকারীর ব্যাঙ্ক অ্যাকাউন্টে (DBT মাধ্যমে) প্রদান করা হবে।



এই প্রকল্পের আওতায় ভর্তুকি পেতে কৃষককে নিজস্বাধে নথিভুক্ত জমিতে ন্যূনতম ৫টি নতুন নারকেল চারা রোপণ করতে হবে, যার জন্য জমির পরিমাপ হতে হবে অন্তত ১৩ শতক। সর্বোচ্চ ১৫ বিঘা জমিতে ৩২০টি চারা পর্যন্ত ভর্তুকির সুবিধা মিলবে। সরকারিভাবে সুপারিশকৃত চারা সংখ্যা বিঘা প্রতি ২১টি।

তরুণ সরকার, বিষয়বস্তু বিশেষজ্ঞ(শস্যবিজ্ঞান), পূর্ব মেদিনীপুর কৃষি বিজ্ঞান কেন্দ্র: পূর্ব মেদিনীপুর জেলার কৃষকদের জন্য এক গুরুত্বপূর্ণ মাইলফলক স্থাপিত হলো ২১ জানুয়ারি ২০২৬ তারিখে। ওই দিন পূর্ব মেদিনীপুর কৃষি বিজ্ঞান কেন্দ্র, মুলাখোপ, দয়ালদাসী, নন্দকুমার-এ স্থাপিত আঞ্চলিক নারকেল নার্সারির সাটিফিকেশন প্রক্রিয়া সফলভাবে সম্পন্ন হয়। এই নার্সারিটি ভারত সরকারের কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রকের অধীন নারকেল উন্নয়ন পর্ষদ (Coconut Development Board – CDB)-এর আর্থিক সহায়তায় প্রতিষ্ঠিত।



সার্টিফিকেশন প্রক্রিয়ার সময় উপস্থিত ছিলেন নারকেল উন্নয়ন পর্ষদ, রাজ্য কেন্দ্র কলকাতার উপ-অধিকর্তা ড. অমিয় দেবনাথ (Deputy Director,), ডেভেলপমেন্ট অফিসার শ্রীতমা বিশ্বাস, জেলা উদ্যান পালন দপ্তরের আধিকারিকবৃন্দ এবং পূর্ব মেদিনীপুর কৃষি বিজ্ঞান কেন্দ্রের গঠিত সার্টিফিকেশন কমিটির সদস্যরা। তাঁদের উপস্থিতিতেই নার্সারির চারা উৎপাদন পদ্ধতি, গুণমান, স্বাস্থ্য ও ব্যবস্থাপনা যাচাই করে সরকারিভাবে শংসাপত্র প্রদান করা হয়।

এছাড়াও এই গুরুত্বপূর্ণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কাজলা জনকল্যাণ সমিতির সম্পাদক শ্রী স্বপন পণ্ডা, সমীক্ষণ (SAMIKSHAN)-এর শ্রী স্বপন মন্ডল এবং হলদিয়া এনার্জি লিমিটেড-এর পক্ষ থেকে শ্রী গোবিন্দ সাহু। তাঁদের পাশাপাশি জেলার বিভিন্ন প্রান্ত থেকে আগত ৫০ জন কৃষক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

